দৈনিক ইত্তেফাক

তারিখ ... 18 DEC 1995 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৮ ...

37

# মাদারীপুরে ৩৭ হাজার শিশু প্রাথমিক শিক্ষা বঞ্চিত

মাদারীপুর সংবাদদাতা ॥ দারিদ্র্য অভিভাবকের অনীহা, শিক্ষা উপকরণের অধিক মূল্য, সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থার অভাবসহ বিভিন্ন কারণে মাদারীপুর জেলার ৩৭ সহস্রাধিক শিশু প্রাথমিক শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, জেলায় প্রাথমিক স্কুলে যাওয়ার বয়সী ছেলে-মেয়ের সংখ্যা ১ লক্ষ ৮০ হাজার ৩৬৯ জন। তন্মধ্যে ৯৩ হাজার ৪৯০ জন ছেলে ও ৮৬ হাজার ৮৭৯ জন মেয়ে রহিয়াছে। রাজৈর, মাদারীপুর, শিবচর ও কালকিনি থানার ১ লক্ষ ৪৩ হাজার ২৮২ জন ছেলে-মেয়ে স্কুলে যায়। উহাদের মধ্যে ৭২ হাজার ৮৭৪ জন ছেলে ও ৭০ হাজার ৪০৮ জন মেয়ে। জেলার একমাত্র

(৪র্থ পৃঃ দ্রঃ)

## মাদারীপুরে ৩৭ হাজার শিশু

(৩য় পৃঃ পর)

কালকিনি থানায়ই ১৯ হাজার ২৪৪ জন ছেলে-মেয়ে স্কুলে যায় না। তন্মধ্যে ৯ হাজার ৯২২ জন বালক ও ১ হাজার ৩২২ জন বালিকা, মাদারীপুর সদর থানায় ৫ হাজার ৩ শত বালক ও এক হাজার ৪২৪ জন বালিকা, রাজৈর থানার ২ হাজার ৯৬৭ জন বালক ও ৩ হাজার ৪০৪ জন বালিকা এবং শিবচর থানার ৪ হাজার ৭৪৭ বালক-বালিকা স্কুলে যায় না এবং প্রাথমিক শিক্ষার সুযোগ হইতে বঞ্চিত।